দৈনিক বাংলা

তারিখ 17-2-79
পৃষ্ঠা 3 কলাম 5

043

বাংলা একাডেমীর আলোচনা সভা

ভাগ্য পরিবর্তনে সহায়ক শিল্পের পৃষ্ঠপোষক হতে হবে

(স্টাফ রিপোর্টার)

গতকাল শুক্রবার বিকেলে বাংলা একাডেমী আয়োজিত চারণ কবি মুকুন্দ দাস স্মরণে আলোচনা সভায় সভাপতির ভাষণে ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী বলেন, আমরা সেই শিল্পকে পৃষ্ঠপোষকতা করবো যে শিল্প আমাদের ভাগ্য পরিবর্তনে সহায়তা করবে।

আলোচনা সভায় প্রবন্ধ পড়েন জনাব আসাদ চৌধুরী ও শ্রী মিহির দত্ত।

চারণ কবি মুকুন্দদাস-এর জন্মশত বার্ষিকী উপলক্ষে বাংলা একাডেমী শহীদ দিবসের অনুষ্ঠানমালায় এই আলোচনা সভার আয়োজন করে।

ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী তাঁর ভাষণে বলেন, মুকুন্দ দাস যাত্রার মধ্যে সমাজ পরিবর্তনের বক্তব্য এনেছিলেন। তিনি আরো বলেন, মুকুন্দ দাস ছিলেন একটি বিশেষ ধারার শিল্পী, একটি বিশেষ চেতনার শিল্পী। তিনি বলেন, সমাজ পরিবর্তনের আন্দোলন অবশ্যই বাজ নৈতিক আন্দোলন হতে হবে। ডঃ চৌধুরী বলেন, আমরা লোকসংস্কৃতির প্রত্যাবর্তন চাই না।

জনাব আসাদ চৌধুরী তাঁর প্রবন্ধে বলেন, মুকুন্দ দাস ছিলেন স্বদেশী ধারার লেখক। তিনি স্বদেশী যাত্রার দল করেছিলেন। সেখানে হাল আমলের প্রিন্সেসদের নৃত্য ছিল না। ছিলো পরাধীনতার বেদনা এবং অপমানে ক্ষুব্ধ একটি পুরুষ সিংহের গর্জন।

শ্রী মিহির দত্ত যাত্রা নাটকে মুকুন্দ দাস : স্বাদেশিকতা—শীর্ষক একটি প্রবন্ধ পড়েন।

আলোচনায় অংশ নেন: শ্রী সুনীল কুমার মুখোপাধ্যায়, সর্বজনাব আবদুল লতিফ, আবদুস সাত্তার ও মুহম্মদ আবু তালিব প্রমুখ।

সকালের অধিবেশন

গতকাল সকালে আলোচ্য বিষয় ছিল: বাংলা মুদ্রণ ও প্রকাশনার দুশ বছর। প্রবন্ধ পড়েন ডঃ মোহাম্মদ আবদুল কাইউম। এতে সভাপতির ভাষণে সৈয়দ মুর্তাজা আলী বলেন, যতদিন পর্যন্ত দেশে শিক্ষিতের হার বাড়বে না ততদিন পর্যন্ত গ্রন্থ আন্দোলন ফলপ্রসূ হবে না। তিনি বলেন, দেশের পাবলিক লাইব্রেরীগুলো পাঠক সৃষ্টির ব্যাপারে ব্যর্থ হয়েছে।

ডঃ মোহাম্মদ আবদুল কাইউম তাঁর প্রবন্ধে বাংলা মুদ্রণের সূচনা কালের ইতিহাসে বর্ণনা করে বর্তমানকালের প্রকাশনা সমস্যার কথা তুলে ধরেন। তিনি বলেন, স্বাধীনতার পর প্রকাশনা সংকট প্রকট হয়ে উঠেছে।

ডঃ কাজী আবদুল মান্নান বলেন, গ্রন্থ প্রকাশনার ক্ষেত্রে যন্ত্রের উন্নতি হয়েছে ঠিকই, তবে বই সহজলভ্য হয়নি।

জনাব ওবায়দুর রশীদ বলেন, নতুন মুদ্রণ পদ্ধতির মাধ্যমে মুদ্রণ সংকট দূর করতে হবে।

গতকাল শুক্রবার সন্ধ্যায় শিল্পী ফকির আলমগীর ও বরিশালের উদীচী শিল্পীগোষ্ঠী মুকুন্দ দাসের গান পরিবেশন করেন।